



ওশি বার্তা

মে - জুন ২০১৪

জাহাজ ভাঙ্গা শিল্পে কর্মপরিকল্পনা নির্ধারণে যৌথ সভা



জাহাজ ভাঙ্গা শিল্পে কর্মপরিকল্পনা নির্ধারণে চট্টগ্রামের হোটেল আগ্রাবাদে ১৮-১৯ জুন ২০১৪ তারিখে এক যৌথ সভার আয়োজন করা হয়। উক্ত কৌশলগত সভার লক্ষ্য ছিল, জাহাজভাঙ্গা শিল্প শ্রমিকদের নিয়ে কাজ করে এমন শ্রম উন্নয়ন সংস্থা, বিশেষ করে বিলস্, ওশি ও IndustriAll এর মধ্যে শক্তিশালী সহযোগীতামূলক সম্পর্কের মাধ্যমে একটি কার্যকর প্রাতিষ্ঠানিক শক্তি কিভাবে সৃষ্টি করা যায় তার পরিকল্পনা করা এবং মূল্যায়ন প্রতিবেদন নিয়ে আলোচনা করা।

ওশি'র চেয়ারপার্সন, মিসেস সাকি রিজওয়ানার সভাপতিত্বে অনুষ্ঠানের সূচনা পর্বটি FNV, IndustriAll, LO-FTF, ওশি ও বিলস্‌র প্রতিনিধিদের সূচনা বক্তব্যের মাধ্যমে শুরু হয়, যেখানে আইবিসি'র চেয়ারম্যান জনাব নজরুল ইসলাম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া আরো উপস্থিত ছিলেন FNV'র পলিসি অফিসার, Wilma Roos, FNV'র আঞ্চলিক উপদেষ্টা, Prabhu Rajendran, FNV'র Jacob Plat, IndustriAll Global Union এর বাংলাদেশের সমন্বয়ক জনাব আবু ইউসুফ মোল্লা, জনাব আবু তাহের খান, আইবিসি মেটাল সেক্টরের সমন্বয়ক, রাইজিং স্টিল শিপইয়ার্ড, বিএমএফ এর সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ আলী, তাজুল ইসলাম, সাধারণ সম্পাদক, 7B শ্রমিক ইউনিয়ন, বিএমএফ, মোঃ নুরুল আবসার, জিএস, চট্টগ্রাম জেলা বিএমএসএফ, কাজী আলতাফ হোসাইন, বিএমএল, মিসেস সাকি রিজওয়ানা, চেয়ারপার্সন, ওশি, ওশি'র নির্বাহী পরিচালক, জনাব এ আর চৌধুরী রিপন, জনাব ওমর ফারুক, প্রোগ্রাম ম্যানেজার, ওশি, জনাব মোঃ সাফর আলী, জাহাজ ভাঙ্গা ট্রেড ইউনিয়ন ফোরামের সভাপতি, জনাব কে এম শহিদুল্লাহ, সভাপতি, জাহাজ ভাঙ্গা শিল্প প্রতিষ্ঠান শ্রমিক ইউনিয়ন, বিএফটিইউসি'র যুগ্ম সাধারণ সম্পাদক জনাব রিজওয়ানুর রহমান খান, বিলস্‌র নির্বাহী কমিটির সেক্রেটারি, জনাব এ এম নাজিম উদ্দিন, জনাব সফর আলী, বিলস্‌র নির্বাহী কমিটির সদস্য এবং জনাব পাহাড়ি ভট্টাচার্য, কেন্দ্রীয় সমন্বয়ক, বিলস্ ওএসএইচ তথ্য ও প্রশিক্ষণ কেন্দ্র। অনুষ্ঠানের এ পর্বে OSHE/FNV, IndustriAll/FNV and BILS/LO-FTF প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয়। তারপর একটি প্রশ্ন-উত্তর পর্ব পরিচালনা করা হয়। (২য় পৃষ্ঠায় দেখুন)



FNV টিমের বাংলাদেশ পরিদর্শন

FNV'র মহাসচিব, জনাব টন হাটজসহ ৯ সদস্য বিশিষ্ট একটি পরিদর্শক দল, গত ১৪ হতে ২০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ সফর করেন। এ সময় তারা তাদের বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠানের অর্থায়নকৃত প্রকল্পসমূহ পরিদর্শন করেন।

FNV'র পরিদর্শক দলে ছিলেন মহাসচিব জনাব টন হাটজ, রন ভ্যান বাদেন, জ্যাকব প্লট, ফেমকে ভ্যান জিস্ট, ওউটার ভ্যান বার্জেন এবং নেদারল্যান্ডের সাংবাদিক দম্পতি মেহমেত ওলগার ও ওস্ট্রিড ভ্যান ওনেন। এছাড়া এ সফরের সহযোগিতায় ছিলেন FNV'র পলিসি বিষয়ক কর্মকর্তা ওইলমা রোজ এবং আঞ্চলিক পরামর্শক জনাব প্রভু রাজেন্দ্র। (২য় পৃষ্ঠায় দেখুন)

বর্জ্য সম্পদ

শ্রমিক -
লাইছ মিয়ার
চিকিৎসায় ও
পুনর্বাসনে
ওশি ফাউন্ডেশন

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রটি যাত্রাবাড়ী থানার মাতুয়াইলে অবস্থিত। সেখানে নিয়মিত ও অনিয়মিতভাবে আনুমানিক (২য় পৃষ্ঠায় দেখুন)

জাহাজ ভাঙ্গা শিল্পে কর্মপরিকল্পনা নির্ধারণে যৌথ সভা

(১ম পৃষ্ঠার পর)

তারপর **Overview of the Ship Breaking Industry in Bangladesh** এর উপর একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও ডিন, জনাব আবদুল্লাহ আল ফারুক একটি চমৎকার প্রশ্ন-উত্তর পর্বসহ **Present Context and Challenges of Ship Breaking Industry in Bangladesh** এর উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা দেন।

সভার প্রথম দিন, FNV, IndustriAll, LO-FTF, OSHE, BILS কিভাবে একত্রে কাজ করতে পারে - তার উপর আলোচনার মাধ্যমে সমাপ্তি করা হয়।

সভার দ্বিতীয় দিন, planning পর্বটি, প্রথম দিনের সভার সারমর্ম আলোচনার মাধ্যমে শুরু হয়, যেখানে প্রকল্প মূল্যায়নের ওপর অংশগ্রহণকারীদের চিন্তা-ভাবনা ও অনুভূতি ফুটে উঠে। তারপর অনুষ্ঠানের বাকি অংশ, বিলসের সহকারি নির্বাহি পরিচালক, জনাব সুলতান উদ্দিন আহমেদ পরিচালনা করেন। দ্বিতীয় দিনের planning পর্বটির দুইটি লক্ষ্য ছিল -

১. স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরী করা; এবং
২. মাঠ ও জাতীয় পর্যায়ে সকলে মিলে একসাথে কাজ করার কৌশল ও বিষয়াবলী নির্ধারণ করা।

দ্বিতীয় দিনের শেষ ভাগে, জনাব আহমেদ, উক্ত পর্বের ফলাফল বের করতে চেষ্টা করেন। সমাপনি মন্তব্যে FNV'র পলিসি অফিসার Wilma Roos বলেন, আমরা যদি একত্রে জাহাজ ভাঙ্গা শিল্প শ্রমিকদের নিয়ে কাজ করি এবং সকলের আলোচনার ভিত্তিতে কাজের যথাযথ কৌশল ও উপায় নির্ধারণ করে এগিয়ে যাই, তাহলে দেখবো একই রকম কাজের পুনরাবৃত্তি আর ঘটবে না। তিনি আরো বলেন, আমি সভার এই দুই দিনে আপনাদের আন্তরিকতা, সততা ও মতামত প্রদানে স্বতঃস্ফূর্ততা দেখে সত্যিই অভিভূত ও আনন্দিত। আপনাদের সকলকে ধন্যবাদ।

FNV টিমের বাংলাদেশ পরিদর্শন

(১ম পৃষ্ঠার পর)

পরিদর্শক দলটি ১৬ জুন সকালে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রটিতে কর্মরত বর্জ্য সম্পদ শ্রমিকদের নিয়ে পরিচালিত “প্রমোশন অব রাইটস এন্ড সোস্যাল প্রোটেকশন অব দি ওয়েস্ট পিকারস ইন বাংলাদেশ” প্রকল্পটি পরিদর্শন করেন। এ সময় তারা বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রে গিয়ে বর্জ্য সম্পদ শ্রমিকদের সাথে দেখা করেন এবং তাদের বিভিন্ন বিষয়ে খোঁজ-খবর নেন।

বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র পরিদর্শন শেষে তারা গ্রাম বাংলা উন্নয়ন কমিটি ও ওশির যৌথভাবে পরিচালিত অ-প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় তারা স্কুলের শিক্ষার্থীদের পাঠ যাচাই করেন এবং তাদের সাথে ১০ মিনিটের একটি প্রীতি ফুটবল ম্যাচ খেলেন, যা স্কুলের শিক্ষার্থীদের খুবই অনুপ্রাণিত করে। স্কুল পরিদর্শন শেষে পরিদর্শক দলটি ওশি ট্রেনিং ও রিসোর্স সেন্টার পরিদর্শন করেন। বর্জ্য সম্পদ শ্রমিকদের স্বনির্ভর দলের নেতারা ফুলের মালা পরিয়ে দেয়ার মাধ্যমে দলটিকে উষ্ণ অভ্যর্থনা জানান। এ সময় তারা ওশির বিভিন্ন সুবিধাভোগীদের সাথে মত বিনিময় করেন।

পরিদর্শক দলটি, ১৮ ও ১৯ জুন ২০১৪ তারিখে চট্টগ্রামের হোটেল আত্মবাদে জাহাজ ভাঙ্গা প্রকল্পের পরিকল্পনা বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন আই জি ইউ, বিলস্, এলও/এফটিএফ এর প্রতিনিধিবৃন্দ।

পরিদর্শক দলটির সার্বক্ষণিক সহায়তায় দায়িত্বে ছিলেন ওশি'র নির্বাহী পরিচালক জনাব এ আর চৌধুরী রিপন, চেয়ারপার্সন মিসেস সাকি রিজওয়ানা এবং প্রোগ্রাম ম্যানেজার জনাব ওমর ফারুক।

লাইছ মিয়ার চিকিৎসায় এবং পুনর্বাসনে ওশি ফাউন্ডেশন

(১ম পৃষ্ঠার পর)

১০০০-এর উপর ওয়েস্ট পিকার কাজ করেন। এ কাজটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ ও নোংরা পরিবেশে করা হয়। সেখানে ৬০ বছরের বৃদ্ধ-বৃদ্ধা যেমন কাজ করেন তেমনি ১২ বছরের কিশোর-কিশোরীরাও কাজ করেন। এখানে কাজ করতে এসে প্রায়শই তাদের নানাবিধ জীবননাশী বিপদের মুখোমুখি হতে হয়। তেমনি ১২ বছরের এক কিশোর, লাইছ মিয়া - যে আজ অচল প্রায়।

লাইছ মিয়ার বাবা, আনজু মিয়া প্রায় দুই বছর আগে মারা যান। অভাব অনটনের ও জনের সংসারে বেঁচে থাকার জন্য স্কুল ছেড়ে লাইছ মিয়া জীবন যুদ্ধে নামে। অনভিজ্ঞ লাইছ মিয়া নিজের ও পরিবারের পেটের দায়ে বেছে নেয়, বর্জ্য টোকাইয়ের কাজ। এ কাজে তাকে সহায়তা করে তার বোন ও মা।

অন্য দিনের মতই গত ৯ মে ২০১৪ তারিখ, রোজ শুক্রবার, লাইছ মিয়া তার ভাই বোনসহ অন্যদের সাথে ময়লা টোকানোর কাজে গিয়েছিল। লাইছ মিয়া দ্রুততার সাথে ময়লা কুড়াচ্ছিল, যাতে সে জুম্মার নামাজে যোগ দিতে পারে। পাশাপাশি ময়লা সরানোর ক্রেনগুলো তাদের কাজে ব্যস্ত ছিল। লাইছ মিয়া একটি বড় ক্রেনের সামনে থেকে ময়লা কুড়াচ্ছিল। হঠাৎ ক্রেনটি লাইছ মিয়ার পায়ের উপর আঁছড়ে পড়ল এবং সাথে সাথে লাইছ মিয়া জ্ঞান হারিয়ে ফেলল। জ্ঞান ফিরে আসার পর সে দেখতে পায় তার বাম পা কেটে ফেলা হয়েছে। লাইছ মিয়া আর কোন দিন নিজের পায়ে দাঁড়াতে পারবে না। ছোট লাইছ মিয়া, যে নিজের কাঁধে তার সংসারের দায়িত্ব নিয়েছিল, আজ সে নিজেকে পরিবারের বোঝা মনে করে।

লাইছ মিয়ার দুর্ঘটনার পরপরই তার সহকর্মীরা তাকে পঙ্গু হাসপাতালে নিয়ে আসে। পঙ্গু হাসপাতালের চিকিৎসকরা তার পায়ের অবস্থা আশঙ্কাজনক দেখে বাম পা কেটে ফেলেন। সে সাথে এক সপ্তাহের ব্যবস্থাপত্র দিয়ে ০৩ দিন পর তাকে হাসপাতাল থেকে ছাড়পত্র দিয়ে ছেড়ে

দেয়া হয়। প্রতিদিন একবার করে ড্রেসিং করানো এবং এক সপ্তাহ পর দেখা করতে বলা হয়।

দরিদ্র মায়ের একমাত্র ছেলে সন্তান, লাইছ মিয়া। দুর্ঘটনার পর তার সহকর্মীরা সাহায্যের হাত বাড়িয়ে দেয়। তারা নিজেদের মধ্যে চাঁদা তুলে চিকিৎসার ব্যয় বহন করছিল। কিন্তু সে টাকাও ধীরে ধীরে ফুড়িয়ে আসতে থাকে। একসময় টাকার অভাবে তার চিকিৎসা প্রায় বন্ধ হয়ে আসছিল। এ সময় সহায়তার হাত বাড়িয়ে দেয় বেসরকারী শ্রম উন্নয়ন সংস্থা, ওশি। যখন লাইছ মিয়ার মা বুঝে উঠতে পারছিলেন না, কি করবেন, ঠিক তখনই তিনি জানতে পারলেন ওশি ফাউন্ডেশন তার ছেলের যাবতীয় চিকিৎসা ও পুনর্বাসনের দায়িত্ব নিয়েছে।

বর্তমানে লাইছ মিয়া সম্পূর্ণ সুস্থ। তার হাঁটা চলার সুবিধার জন্য ওশি ফাউন্ডেশন থেকে এক জোড়া ক্র্যাচ কিনে দেয়া হয়েছে। সেই সাথে তার পুনর্বাসনের জন্য ওশি ফাউন্ডেশনের পক্ষ থেকে সর্বাঙ্গিক সাহায্য-সহযোগিতা করা হচ্ছে।

বর্জ্য সম্পদ শ্রমিকদের সংগঠিতকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত



গত ০১ ও ০২ জুন, ২০১৪ তারিখে ঢাকার মাতুয়াইল ল্যান্ড ফিল্ডের কাছে ওশি প্রশিক্ষণ এবং কল্যাণ সেন্টারে বাংলাদেশ ওশি ফাউন্ডেশনের উদ্যোগে বর্জ্য সম্পদ শ্রমিকদের জন্য “অসংগঠিতদের সংগঠিতকরণ” বিষয়ক দুই দিনের একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালার উদ্দেশ্য ছিল - সম্ভাব্য স্থানীয় এবং জাতীয় পর্যায়ে বর্জ্য সম্পদ শ্রমিকদের প্রতিনিধিত্ব গড়ে তোলা, অসংগঠিতদের সংগঠিত করা এবং পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক সচেতনতা বৃদ্ধি করা ও কর্মক্ষেত্রে ঝুঁকি নিরূপণ করা। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় ১৫ জন নারী এবং ০৭ জন পুরুষসহ মোট ২২ জন অংশগ্রহণ করেন।

বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেসের মিসেস চায়না রহমান, লেবার অ্যাট ইনফর্মাল ইকোনোমির ন্যাশনাল কো-অর্ডিনেটর মিসেস ফরিদা খানম, ওশির প্রোগ্রাম ম্যানেজার, জনাব ওমর ফারুক এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ইজউই)-এর সহকারী পরিচালক, জনাব মোহাম্মদ আসাদুজ্জামান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ চলাকালীন সময়ে অংশগ্রহণকারীদের কাছ থেকে বেশ কিছু সুপারিশ আসে। এ সময় তারা সমবায় সমিতি গঠনে দৃঢ়তা প্রকাশ করেন। এছাড়া, তারা তাদের অর্জিত বিভিন্ন সচেতনতামূলক জ্ঞান দ্বারা কিভাবে তাদের কর্মক্ষেত্রে ও সমাজে নিজেদের ভূমিকা রাখছেন তা তুলে ধরেন।

বর্জ্য সম্পদ শ্রমিকেরা সমবায় সমিতি গঠনের মাধ্যমে বিকল্প কর্মক্ষেত্র অনুসন্ধান, শ্রমিক হিসেবে স্বীকৃতি ও অন্যান্য নেটওয়ার্ক খুঁজে বের করার লক্ষ্যে এক সাথে পথ চলার অভিব্যক্তি প্রকাশ করেন।

বর্জ্য সম্পদ শ্রমিকদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ওষুধ বিতরণ



বর্জ্য সম্পদ শ্রমিকদের মধ্যে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি, বিশুদ্ধ খাবার পানির ভ্যান ও ভ্রাম্যমাণ শৌচাগার বিতরণ



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রটিতে কর্মরত বর্জ্য সম্পদ শ্রমিকদের জন্য ২৪ মে ২০১৪ তারিখে ওশি ফাউন্ডেশন, বিশুদ্ধ খাবার পানির ভ্যান ও ভ্রাম্যমাণ শৌচাগার এবং ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি বিতরণ করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রের সহকারী প্রকৌশলী ও মাতুয়াইল বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্রের সাইট ম্যানেজার, জনাব আ হ ম আবদুল্লাহ হারুন। এছাড়া উপস্থিত ছিলেন ওশির প্রোগ্রাম ম্যানেজার, জনাব ওমর ফারুকসহ সিটি কর্পোরেশন ও ওশির বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এ সময় জনাব হারুন, বর্জ্য সম্পদ শ্রমিকদের মাঝে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি ব্যবহারের গুরুত্ব তুলে ধরেন এবং তা ব্যবহারে সকলকে উদ্বুদ্ধ করেন। পরে স্বনির্ভর দলের নেতা, জনাব মোঃ হাকিমের হাতে চাবি হস্তান্তরের মাধ্যমে খাবার পানির ভ্যান ও ভ্রাম্যমাণ শৌচাগার উদ্বোধন করেন। এ সময় তিনি বর্জ্য সম্পদ শ্রমিকদের মাঝে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদিও বিতরণ করেন।

সমাজের এই অবহেলিত জনগোষ্ঠীর পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার কথা ভেবে বাংলাদেশ অকুপেশনাল হেল্থ, সেইফটি এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি), পেশাগত নিরাপত্তার উন্নয়ন এবং পেশাগত সমস্যাগুলো প্রতিকারের লক্ষ্যে নেদারল্যান্ডসভিত্তিক এফএনভি-এর সহায়তায় “প্রমোশন অব রাইটস এন্ড সোস্যাল প্রোটেকশন অব দি ওয়েস্ট পিকারস ইন বাংলাদেশ” প্রকল্পটি ২০১২ সালের ফেব্রুয়ারী মাস থেকে পরিচালনা করে আসছে। এ পর্যন্ত প্রায় ৫০০ জন বর্জ্যসম্পদ শ্রমিকদের মাঝে ওশি এসব সেফটি সামগ্রী বিতরণ করেছে। যেমন: ১। ক্যাপ, ২। চশমা, ৩। মাস্ক, ৪। এ্যাপ্রন, ৫। পাজামা, ৬। নিরাপত্তা পোশাক, ৭। হ্যান্ড গ্লাভস, ৮। গাম বুট, ৯। মোজা ১০। শিক ও ১১। ব্যাগ।

বর্জ্য সম্পদ শ্রমিকরা তুলনামূলক খুব নোংরা পরিবেশে কাজ করেন। ফলে মারাত্মক ও ছোটখাট জখমসহ নানাবিধ পেশাগত রোগ-ব্যাধি তাদের জন্য নিত্য-নৈমিত্তিক ঘটনা। এছাড়া বর্জ্য সম্পদ শ্রমিকরা তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে একেবারেই সচেতন নয়। বাংলাদেশ অকুপেশনাল হেল্থ, সেইফটি এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি), FNV- এর সহায়তায় সমাজের এই নিগৃহিত জনগোষ্ঠীর জন্য মাতুয়াইল ল্যান্ড ফিল্ডের কাছে একটি বিশেষ স্বাস্থ্য সেবা ক্যাম্পের আয়োজন করে।

বর্জ্য সম্পদ শ্রমিকেরা ওশি ফাউন্ডেশনকে এই কর্মসূচীটি আয়োজনের জন্য ধন্যবাদ জানান। এ সময় তারা বেশ কিছু দাবি-দাওয়া পেশ করেন। স্বনির্ভর দলের নেতা, জনাব মোঃ শাহ আলম এবং জনাব মোঃ ফোরকান বলেন, এ ধরনের সেবামূলক কর্মসূচী তাদের জন্য খুব প্রয়োজন ছিল।

(৪র্থ পৃষ্ঠায় দেখুন)

বর্জ্য সম্পদ শ্রমিকদের জন্য সচেতনতামূলক কার্যক্রম “সাপ্তাহিক পাঠচক্র”

বর্জ্য সম্পদ শ্রমিকদের নিয়ে গত মে ও জুন মাসে ঢাকার মাতুয়াইল-এ অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে মোট ০৭ টি পাঠ চক্র অনুষ্ঠিত হয়। মে মাসের ০৪, ১৪, ২০ ও ২৫ তারিখে মোট ৪টি পাঠচক্র অনুষ্ঠিত হয়। এতে মোট ৬৩ জন বর্জ্য সম্পদ শ্রমিক অংশগ্রহণ করেন। এর মধ্যে ৪৯ জন নারী ও ১৪ জন পুরুষ।

অন্যদিকে জুন মাসের ১১, ১৮ ও ২৪ তারিখে মোট ৩টি পাঠ চক্র একই স্থানে অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন মোট ৪৫ জন বর্জ্য সম্পদ শ্রমিক; এদের মধ্যে ২৫ জন নারী ও ১০ জন পুরুষ।

পাঠচক্রের মূল উদ্দেশ্য ছিলো বর্জ্য সম্পদ শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং অসংগঠিতদের সংগঠিতকরণ বিষয়ে সচেতন করা।

দুইটি অধিবেশনের মাধ্যমে পাঠচক্রটি পরিচালনা করা হয়। প্রথম অধিবেশনে মিসেস আরিফা আস আলম, প্রোগ্রাম অফিসার, এলআইই, বর্জ্য সম্পদ শ্রমিকদের মূল স্বাস্থ্য সমস্যা ও করণীয়, এইচআইভি/এইডস এবং কর্মক্ষেত্রে নিরাপত্তা বিষয়ে আলোচনা করেন। দ্বিতীয় অধিবেশনে মিসেস চায়না রহমান অসংগঠিতদের সংগঠিতকরণ বিষয়ে সচেতনতা সৃষ্টিতে আলোচনা করেন। প্রশিক্ষণার্থীবৃন্দ তাদের ধারণা ও মতামত প্রদানের মাধ্যমে পাঠচক্রে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।



বর্জ্য সম্পদ শ্রমিকদের কর্মক্ষেত্রে দূর্ঘটনা রোধে সচেতনতা ও সার্বিক কল্যাণ কামনায় বিশেষ দোয়া

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাতুয়াইল বর্জ্য সম্পদ ব্যবস্থাপনা কেন্দ্রে কর্মরত বর্জ্য সম্পদ শ্রমিকদের উদ্যোগে এবং ওশি ফাউন্ডেশনের সার্বিক সহযোগিতায় বর্জ্য সম্পদ শ্রমিকদের কর্মক্ষেত্রে দূর্ঘটনা রোধে সচেতনতা ও সার্বিক কল্যাণ কামনায় গত ২২ মে ২০১৪ তারিখে এক বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মাতুয়াইল বর্জ্য সম্পদ ব্যবস্থাপনা কেন্দ্রের ৫ নম্বর প্লটফর্মে এই বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন ল্যান্ড ফিলের সকল বর্জ্য সম্পদ শ্রমিক, ওশি'র প্রোগ্রাম অফিসার, জনাব তাহেরুল ইসলাম, এলআইই'র এপিও জনাব মোঃ সাজ্জাদ কবিরসহ মাতুয়াইল বর্জ্য সম্পদ ব্যবস্থাপনা কেন্দ্রের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

স্বাস্থ্য সেবা ও ঔষধ বিতরণ (৩য় পৃষ্ঠায় পর)

তারা দাবি করেন, যদি সম্ভব হয় তবে এ ধরনের সেবামূলক কর্মসূচী মাসে অন্তত একবার আয়োজন করা হলে তারা আরও উপকৃত হবেন। উপস্থিত সুবিধাভোগীরা তাদের সাথে একমত পোষণ করেন।

বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ বিতরণ ক্যাম্পটি গত ৩০ মে ২০১৪ তারিখে ঢাকার যাত্রাবাড়ির মাতুয়াইল ল্যান্ড ফিলের কাছে অনুষ্ঠিত হয়। এটি সকাল ১০ ঘটিকা থেকে বিকাল ০২ ঘটিকা পর্যন্ত চলে। এ কর্মসূচীর উদ্দেশ্য ছিল শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা প্রদান ও ঔষধ বিতরণ করা। সেই সাথে বর্জ্য সম্পদ শ্রমিকদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে সচেতন করা এবং কর্মক্ষেত্রে ঝুঁকিসমূহ নিরূপণ করা, যাতে তারা তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে আরও সচেতন হতে পারেন। এতে প্রায় ৩৭ জন নারী শ্রমিক, ০৭ জন পুরুষ শ্রমিক, ২ জন শিশু শ্রমিক এবং একজন বর্জ্য সম্পদ শ্রমিকের শিশুসহ মোট ৪৭ জন সুবিধাভোগী স্বাস্থ্য সেবা, পরামর্শ ও ঔষধ গ্রহণ করেন। যাদের বয়স ছিল ০৫ থেকে ৬৫ বছরের মধ্যে। ডাঃ সাদিয়া শবনম, সুবিধাভোগীদের স্বাস্থ্য সেবা ও বিভিন্ন বিষয়ে উপদেশ ও পরামর্শ দিয়েছেন। এ সময় তিনি তীব্র গরমে পানি শূন্যতা থেকে রক্ষা পাওয়ার জন্য সকলকে খাবার স্যালাইন বানানোর পদ্ধতি শিখিয়ে দেন। সুবিধাভোগীদের মধ্যে অধিকাংশই পিঠি ব্যথা, মাথা ব্যথা, কাঁধ ব্যথা, চোখ জ্বালা পোড়া করা, চোখে ছানি এবং শারীরিক দুর্বলতায় ভুগছিলেন। এছাড়াও ক্ষুধা মন্দা, ত্বকে ঘা ও ছোটখাট আঘাতও পরিলক্ষিত হয়। উক্ত কর্মসূচীতে ওশি ফাউন্ডেশনের পক্ষ থেকে ডঃ এস এম মোর্শেদ, ভাইস চেয়ারপার্সন এবং অ্যাডমিন ও ফাইন্যান্স ম্যানেজার জনাব মোঃ আলম হোসেন অংশগ্রহণ করেন এবং প্রচলিত বৃষ্টির মধ্যে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। বর্জ্য সম্পদ শ্রমিকেরা, ওশি ফাউন্ডেশনকে তাদের এই কর্মসূচীটি আয়োজনের জন্য ধন্যবাদ জানান। এ সময় তারা বেশ কিছু দাবি-দাওয়া পেশ করেন। স্বনির্ভর দলের নেতা, জনাব মোঃ শাহ আলম এবং জনাব মোঃ ফোরকান বলেন, এ ধরনের সেবামূলক কর্মসূচী তাদের খুবই প্রয়োজন ছিল। তারা দাবি করেন, যদি সম্ভব হয় তবে এ ধরনের সেবামূলক কর্মসূচী মাসে অন্তত একবার আয়োজন করা হলে তারা আরও উপকৃত হবেন। উপস্থিত সুবিধাভোগীরা তাদের সাথে একমত পোষণ করেন। ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী সুবিধাভোগীদের মধ্যে বিনামূল্যে ঔষধ বিতরণের মধ্য দিয়ে কর্মসূচী শেষ করা হয়।

পৃথিবীতে ঝুঁকিপূর্ণ/বিপজ্জনক যেসব কাজ আছে, জাহাজ ভাঙ্গা তার মধ্যে অন্যতম। এ শিল্পে ছোট/ বড় দূর্ঘটনা প্রতিনিয়ত ঘটে থাকে। এছাড়াও ক্যাডমিয়াম এর মত বিভিন্ন ধরনের বিপজ্জনক পদার্থের

সংস্পর্শে কাজ করতে হয়। শুরু থেকেই শ্রমিকেরা এসব বিপজ্জনক পদার্থ অনিরাপদ উপায়ে অপসারণ করে আসছে। ফলস্বরূপ এ শিল্পে নিয়োজিত শ্রমিকেরা বিভিন্ন ধরনের রোগ ব্যাধিতে আক্রান্ত হচ্ছে।

ওশি ফাউন্ডেশন, কানাডিয়ান অটো ওয়াকার্স এসোসিয়েশন (সিএডব্লিউ) এর সহযোগিতায় পরিচালিত ‘বাংলাদেশে জাহাজ ভাঙ্গা শ্রমিকদের জন্য স্বাস্থ্য সেবা কর্মসূচী’ প্রকল্পের আওতায় গত ০২, ০৯, ১৬, ২৩ ও ৩০ মে এবং ০৬ ও ২০ জুন, ২০১৪ তারিখে ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম এ অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে বিনামূল্যে মোট ০৭ টি ইনডোর স্বাস্থ্য সেবা এবং গত ০৫, ০৭, ১২, ১৪, ১৯, ২১, ২৬ ও ২৮ মে এবং ০২, ০৪, ০৯, ১১, ১৬, ১৮, ২৩ ও ২৫ জুন ২০১৪ তারিখে মোট ১৬ টি আউটডোর স্বাস্থ্য সেবা শিবির কদমরসুল সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারআউলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, মাদামবিবিরহাট ও কুমিরা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পরিচালনা করে।

এ কর্মসূচীগুলোর উদ্দেশ্য ছিলো শ্রমিকদের চিকিৎসা ও বিনামূল্যে ঔষধ প্রদান, তাদের স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা এবং স্বাস্থ্য সেবা শ্রমিকদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া। জনাব ডাঃ তপন কুমার নাথ মোট ১০০ জন শ্রমিকের মধ্যে এই চিকিৎসা সেবা প্রদান করেন। পরবর্তীতে ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়।



বাংলাদেশ অকুপেশনাল সেইফটি, হেলথ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি)
শ্রমিকের মানবাধিকার, শোভন কাজ
ও টেকশই উন্নয়নে অঙ্গিকারাবদ্ধ

৪৪এফ/৬, পশ্চিম পাছপথ (৫ম তলা), ঢাকা-১২১৫, ফোন : ০৪৪৭৭৭০০০৮০, ৯১৩৯০৭৯, ফ্যাক্স : ৯১৪১৭৫৪, ই-মেইল: oshe@agni.com

visit : www.oshebd.org



OSHE Newsletter

May - June 2014

Joint Strategic Meeting on Effective Organizing Drive for Ship Breaking Industry in Bangladesh



A joint strategic meeting on effective organizing drive for ship breaking industry in Bangladesh was organized at Hotel Agrabad in Chittagong on 18 - 19 June 2014. The aim of this strategic meeting was to discuss regarding the evaluation report and plan on how to create an organizing force effectively through the strong cooperation among different organizations, especially among BILS, OSHE and IndustriAll.

The opening session, chaired by Mrs. Saki Rezwana, Chairperson, OSHE had been begun with the words of the representatives of FNV, IndustriAll, LO-FTF, OSHE and BILS while Mr. Nazrul Islam Khan, Chairman, IBC joined as Chief Guest. Besides, Ms. Wilma Roos, Policy Officer (FNV), Regional Consultant of FNV- Mr. Prabhu Rajendran, Mr. Jacob Plat (FNV), Mr. Abu Eusuf Mollah (coordinator of Bangladesh, InsudtriAll Global Union), Mr. Md. Abu Taher Khan, Coordinator Metal Sector, IBC, Mr. Mohammad Ali, General Secretary, Rising Steel Ship Yard, BMF, Mr. Tajul Islam, General Secretary, 7B Sromik Union, BMF, Mr. Md. Nurul Absar, GS, Ctg. Dist. BMSF, Mr. Kazi Altaf Hosain, BML, Chairperson of OSHE, Mrs. Saki Rezwana, Mr. AR Chowdhury Repon, Executive Director, OSHE, Mr. Md. Omar Faruq, Program Manager, OSHE, Mr. Md. Safor Ali, President, JahazBhanga Trade Union Forum, Mr. K M Shahidullah, President, Jahaz Bhanga Silpa Protishthan Sromik Union, Mr. Rizwanur Rahman Khan, Joint General Secretary, BFTUC, Mr. A.M. Nazim Uddin, Secretary-BILS Executive Committee, Mr. Safar Ali, Member-BILS Executive Committee and Mr. Pahari Bhattacharjee, Center Coordinator, BILS OHS Information & Training House-Sitakundo, Chittagong were also present.

(See Page 02)



FNV Team visits OSHE Projects

The Secretary General of FNV, Mr. Ton Heerts along with his 9-member visiting team visited Bangladesh from 14 June to 20 June 2014. During this time, they indeed visited their different collaborating organizations' projects.

The members of visiting team were Mr. Ton Heerts, Mr. Ron van Baden, Mr. Jacob Plat, Femke Van Zijst, Wouter van Bergen, Mr. MehmetUlcer and Ms. Astrid van Unen. Besides, Ms. Wilma Roose, Policy Officer of FNV and Regional Consultant of FNV, Mr. Prabhu Rajendran supported the visiting team.

(See Page 02)



Laiys Miah - A Waste Resource Worker

The Waste Management Center of Dhaka South City Corporation is located at Matuail of Jatrabari thana.

(See Page 02)

Joint Strategic Meeting on Effective Organizing Drive for Ship Breaking Industry in Bangladesh

(After Page 01)

In the session, OSHE/FNV, IndustriAll/FNV and BILS/LO-FTF projects evaluation reports were presented. Then a question and answer session was placed.

Afterwards, a short documentary on **Overview of the Ship Breaking Industry in Bangladesh** was screened in the program. Dr. Abdullah Al Faruque, Professor & Dean, Dept. of Law, CU delivered a rich presentation on the **Present Context and Challenges of Ship Breaking Industry in Bangladesh** with a nice question and answer session.

The first day was concluded through the discussion of ways of working together (FNV, IndustriAll, LO-FTF, OSHE & BILS).

The second day, planning session was opened with a brief summary of the first day of **Joint Strategic Meeting on Effective Organizing Drive for Ship Breaking Industry in Bangladesh** which included the reflection of participants on the project evaluation. Then the session was followed and continued by the Assistant Executive Director of BILS, Mr. Sayed Sultan Uddin Ahmmed. The aims of planning session were to frame objectives (immediate and longtime objectives) and to prioritize the issues and strategies for working together at field and national level.

Moreover, at the end of the day, Mr. Ahmmed tried to figure out the outcomes of the session. And in concluding remark, Ms. Wilma Roos, Policy Officer (FNV) said, when the organizations start working, they could make a paper adding all the strategies so that there is no duplication of the same work. She also stated, I am really impressed and thankful for the input and hard work made by people during these two days of sessions.

FNV Team visits OSHE Projects

(After Page 01)

The visiting team visited Waste Management Center of Dhaka South City Corporation named, Matuail Sanitary Landfill where OSHE has been undertaking a project - **"Promotion of Rights and Social Protection of the Waste Pickers in Bangladesh"** with the help of FNV Netherlands since 2012 aimed at addressing the occupational health and safety issues of waste pickers. The team then met waste pickers and talked to them.

Afterwards, the visitors visited non-formal education activity, conducted jointly by Gram Bangla Unnayan Committee and OSHE. They wanted to know about the contents of learning and other logistic supports and played football with school students which got them amazed.

Then the team visited OSHE training and resource center at Matuail. The leaders of Shownirbhar group, consisted of waste resource workers welcomed the visitors with floral greetings. The visitors shared their ideas and views with different OSHE beneficiaries.

The FNV team also joined Planning Workshop on Ship Breaking Project on June 18 and 19 at Hotel Agrabad in Chittagong. BILS, IGU and LO/FTF also participated in the event.

The team was sincerely supported by Mr. AR Chowdhury Repon, Executive Director, OSHE, Mrs. Saki Rezwana, Chairperson of OSHE and OSHE Program Manager, Mr. Omar Farque.

Laiys Miah - A Waste Resource Worker

(After Page 01)

About 1000 waste resource workers work there. They work in the most hazardous and dirtiest environment. The age of the workers is between 12 and 60 years old. They usually face different dreadful situations in the landfill.

A Waste Resource Worker, Laiys Miah, 12 years old boy experienced a terrible accident in the landfill. He lost his left leg and got right leg severely injured.

The father of Laiys Miah, Aanju Mia had died about 2 years ago. After then, he left school and was compelled to get himself involved in work. He was then inexperienced so he was compelled to work in nearby landfill as such work usually does not require any experience. His mother and sister used to help him a lot.

Like other days, Laiys Miah was picking waste with his siblings on May 09, 2014, Friday. He was doing his job fast as he was then thinking that he would go to offer Jumma Prayer. The cranes were working side by side Laiys Miah was picking waste in front of a big crane. All of a sudden, he was seriously hit by that crane and got senseless. After getting sense, he found his left leg fully damaged. He will never be able to walk anymore. The youngest member of the family who took responsibility of the whole family once, now thinks himself as a big burden for the family.

Laiys Miah was taken to National Institute of Traumatology and Orthopedic Rehabilitation for treatment after getting injured. Then the doctor observed the condition and decided to cut his left leg off. Moreover, he was released from the

hospital with a medical prescription after staying in hospital for 3 days. He was asked to clean his wounded place everyday and to meet doctor again after a week.

Laiys Miah is a boy of a poor mother. After accident, his colleagues (who worked with him) helped him a lot financially and mentally. The other waste pickers collected money for Laiys Miah to meet his medical cost but it was not adequate at all. His treatment was getting stopped because of scarcity of money.

And then, OSHE came forward to help Laiys Miah. OSHE has taken all responsibilities of Laiys Miah's medical treatment and rehabilitation.

At present, Laiys Miah is well. OSHE has given him a pair of stretchers. Moreover, OSHE has been planning to rehabilitate Laiys Miah in a proper way.

Workshop for Waste Pickers on the means of Organizing the Unorganized



Two-day long workshop on the **Means of Organizing the Unorganized** was held on 01 and 02 June, 2014 at OSHE Training and Welfare Centre, Matuail in Dhaka. The objectives of the workshop were to sensitize the waste pickers about their health & safety issues, to promote leadership among waste pickers at local and national level and also to introduce the effective ways of organizing the unorganized. The total of 22 waste pickers; 15 females and 07 males participated in the workshop.

Mrs. China Rahman of BFTUC, Mrs. Farida Khanam, National Coordinator, LIE, Mr. Omar Faruk, Program Manager of OSHE and Mr. Md. Asaduzzaman, Assistant Director, BRDB joined the workshop as trainers.

In the workshop, some recommendations had come from the participants. They expressed their sincere eagerness to build up cooperative societies in the community. Moreover, the participants highlighted on how they have been playing their roles in workplace and society through their knowledge.

The participated waste pickers expressed also their wish to work together to look for substitute workplaces, recognition as worker and other networks through establishing cooperative societies.

Distribution of Safety Materials, Pure Drinking Water Vessel and Mobile Toilet among Waste Resource Workers



Bangladesh Occupational Safety, Health and Environment Foundation (OSHE) distributed Safety Materials, Pure Drinking Water Vessel and a mobile toilet among the waste resource workers of Matuail Sanitary Landfill of Dhaka South City Corporation, Dhaka on May 24, 2014. Mr. Abdullah Harun, Assistant Engineer of Waste Management Department of Dhaka South City Corporation and site manager of Matuail Sanitary Lanfill joined the program as chief guest. Moreover, Program Manager of OSHE, Mr. Omar Faruk was also present.

Mr. Harun focused on the importance of usage of personal safety materials and motivated the workers to use these materials. Afterwards, he handed over the keys of water vessel and mobile toilet to the leader of Shawnirbhar group, Mr. Md. Hakim and distributed personal safety materials among waste resource workers.

OSHE has been undertaking a project named, "**Promotion of Rights and Social Protection of the Waste Pickers in Bangladesh**" with the help of FNV Netherlands since 2012 aimed at addressing the occupational health and safety issues of this disregarded part of our society. OSHE distributed the safety materials among about 500 workers till this time. They are - 1. Cap 2. Hand gloves 3. Sun glass 4. Musk 5. Apron 6. Safety boot 7. Safety jacket 8. Sock 9. Water bottle 10. Steel Stick and 11. Bag.

Health Camp for Waste Resource Workers



Waste resource workers usually work in the dirtiest environment. They do the most hazardous work. But it is a matter of regret that waste pickers are not yet recognized as workers in our country. Major and minor injuries are the common phenomena for them. Furthermore, they are not concerned about their health and safety issues.

In the circumstances, Bangladesh Occupational safety Health and environment foundation (OSHE) organized a special health camp on May 30, 2014 at the Matuail Sanitary Landfill in Dhaka for this underprivileged segment of our workforce.

The objectives of the health camp were to provide basic medical health care, to aware workers about their health and hygiene and to ensure health services at the doors of workers.

(See Page 04)

“Weekly Study Circle” - Sensitization Program for Waste Resource Workers

Two-hour long seven study circles were held on 04, 14, 20 and 25 May & 11, 18 and 24 June, 2014 at OSHE Training and Welfare Centre, Matuail in Dhaka. A total of 108 waste pickers; 74 females and 24 males participated in these Study Circles.

The objectives of these Study Circles were to sensitize the waste resource workers about their health & safety issues, HIV/AIDS and the effective ways of organizing the unorganized.

Each Study Circle had 2 sessions. The first session focused on the occupational health & safety, identification of core health problems of waste pickers and HIV/AIDS which was conducted by Mrs. Arifa As Alam, Program Officer, LIE. Moreover, the second session mainly focused on the means of organizing the unorganized and that was facilitated by Mrs. China Rahman.

All participants took part in the program actively through sharing their knowledge and views.



Milad Mahfil (Special Prayer for Waste Resource Workers)

A Milad Mahfil (Special Prayer) was organized by the waste resource workers of landfill on May 22, 2014, Thursday at the platform no. 05 of Matuail Sanitary Landfill with the support of OSHE Foundation and Dhaka South City Corporation.

The waste resource workers from all levels of landfill along with their families took part in this special prayer. Besides, Mr. Taherul Islam, PO, OSHE and APO, Mr. Md. Sajjad Kabir also joined the program.

Health Camp for Waste Resource Workers

(After Page 03)

Dr. Sadia Sabnam, General Health practitioner provided treatment with the waste resource workers. The total of 47 workers received the treatment. Of these 47 workers, 37 were women, 07 were men, 02 were child worker and the rest 01 was a child of a waste picker. They were 05 to 65 years old. Dr. Sabnam showed the workers how to prepare saline for getting rid of dehydration. Most came with back pain, headache, shoulder pain, skin problem, minor injuries, disease of eyes and other physical weakness.

In the program, Dr. S. M. Morshed, Vice Chairperson of OSHE and Mr. Omar Faruk, Program Manager of OSHE joined.

Waste resource workers thanked OSHE for arranging this event. They presented some demands. The leaders of Shannirbhar group, Mr. Md. Shah Alam and Mr. Farkan stated, this kind of health camp is surely necessary for them. They demanded for arranging this health camp once a month.

As per the prescription, free medicines were distributed among the beneficiaries.

Health Camps for Ship Breaking Workers



Ship breaking is one of the most hazardous sectors in the world. Major and minor injuries are the common phenomena in this sector. Besides, different types of deadly substances like cadmium also exist in this sector. From the very beginning, workers are manually handling these substances. As a result, workers of ship breaking sector always suffer from various diseases.

In the circumstances, Bangladesh Occupational safety Health and environment foundation (OSHE) organized 07 in-doors camps on May 02, 09, 16, 23 & 30 and June 06 & 20, 2014 at OSHE Training and Welfare Centre Vatiary, Sitakunda, Chittagong and 16 out-door camps on May 05, 07, 12, 14, 19, 21, 26 & 28 and June 02, 04, 09, 11, 16, 18, 23 & 25, 2014 at Kadamrasul Government Primary School, Baraulia Government Primary School, Madambirhat and Kumira Government Primary School in Chittagong.

The objectives of the health camp were to provide basic medical health care, to aware workers about their health and hygiene and to ensure health services at the doors of workers.

Dr. Topon Kumar Nath, General Health practitioner provided the ship breaking workers with treatment. The total of 100 workers received the treatment.

As per the prescription, free medicines were distributed among the beneficiaries.



Bangladesh Occupational Safety, Health
& Environment Foundation (OSHE)
Promote human rights of Workers, decent
work & sustainable development

44F/6, West Panthapath (4th Floor) Dhaka-1215, Tel : +88-02-04477700080,
9139079, Fax :+88-02 9141754, E-mail : oshe@agni.com

visit : www.oshebd.org